

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ অধিশাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.০০.৯০০০.০৪২.১৪.০৬০.১৭. ৭৫০

২৬ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ  
তারিখঃ ৩০ মে ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ সুনামগঞ্জ জেলা পরিষদের ২০১৭-২০১৮ অর্থ বছরে এডিপি বরাদ্দের সংরক্ষিত এবং অপ্রত্যাশিত উপখাতের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।

সূত্রঃ সুনামগঞ্জ জেলা পরিষদের স্মারক নং-৪৬.৬০.৯০০০.১০২.১৪.০০১.১৮-২৯৬, তারিখঃ ৮/৫/২০১৮।

সুনামগঞ্জ জেলা পরিষদের ২০১৭-২০১৮ অর্থ বছরে এডিপি বরাদ্দের সংরক্ষিত এবং অপ্রত্যাশিত উপখাতের আওতায় ১,২৯,০০,০০০/- (এক কোটি উনত্রিশ লক্ষ) টাকায় গৃহীত ৪২টি প্রকল্পের মধ্যে প্রকল্প তালিকার ক্রমিক নং-৫, ৭, ১০, ১১, ১২, ১৪ ও ১৫ এ বর্ণিত প্রকল্পসমূহ ব্যতীত ৭৮,০০,০০০/- (আটাত্তর লক্ষ) লক্ষ টাকায় গৃহীত সংযুক্ত তালিকায় বর্ণিত ৩৫টি প্রকল্প নিম্নবর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো :

শর্তসমূহঃ

- ১) পিপিআর-২০০৮ এবং এ সংক্রান্ত সকল বিধি-বিধান অনুসরণপূর্বক প্রকল্প/প্রকল্পসমূহ বাস্তবায়ন করে স্থানীয় সরকার বিভাগে একটি প্রতিবেদন প্রেরণ করতে হবে;
- ২) ৫.০০ লক্ষ বা তদূর্ধ্ব টাকার প্রকল্প/প্রকল্পসমূহের প্রাক্কলন নির্বাহী প্রকৌশলী এলজিইডি, সুনামগঞ্জ কর্তৃক পরীক্ষা করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে ;
- ৩) দরপত্রের মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহের ক্ষেত্রে ই-টেন্ডারিং পদ্ধতি অবলম্বন করতে হবে ;
- ৪) স্বচ্ছতা ও জবাবদিহিতার লক্ষ্যে অনুমোদিত প্রকল্পসমূহের তালিকা ওয়েব সাইটে প্রকাশ এবং অফিস চত্বরে দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে ;
- ৫) প্রকল্প/প্রকল্পসমূহ সমাপ্তির পর প্রকল্প স্থানে “জেলা পরিষদ সুনামগঞ্জ এর সৌজন্যে/অর্থায়নে বাস্তবায়িত” বাক্যটি লিখে ফলক লাগাতে হবে;
- ৬) বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর আওতায় জেলা পরিষদ উন্নয়ন সহায়তা থোক বরাদ্দকৃত অর্থের বন্টন, বরাদ্দকৃত অর্থ প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন সংক্রান্ত স্থানীয় সরকার বিভাগের ২১/০৯/২০১৬ তারিখের ২২৬০ নং স্মারকের পরিপত্রটি যথাযথভাবে অনুসরণ করতে হবে। মোট বরাদ্দের ৪০% এর বেশি প্রকল্প পিআইসির (প্রকল্প বাস্তবায়ন কমিটির) মাধ্যমে বাস্তবায়ন করা যাবে না।

২। ৩১,০০,০০০/- (একত্রিশ লক্ষ) টাকায় গৃহীত প্রকল্প তালিকার ক্রমিক নং-৫, ৭, ১০, ১২, ১৪, ১৫ এ বর্ণিত প্রকল্পসমূহ রাজস্ব তহবিলের আওতায় বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।

৩। ২০,০০,০০০/- (বিশ লক্ষ) টাকায় গৃহীত প্রকল্প তালিকার ক্রমিক নং-১১ এ বর্ণিত প্রকল্পটির নাম সঠিকভাবে উল্লেখপূর্বক পুনঃরায় প্রস্তাব প্রেরণের জন্যও অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

J. M. in  
৩০/০৫/২০১৮  
(ড. জুলিয়া মর্দিন)  
উপসচিব  
ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-[lgzp@lgd.gov.bd](mailto:lgzp@lgd.gov.bd)

প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, সুনামগঞ্জ।

অনুলিপি :

- ১। মহাপরিচালক (মইই উইং) স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ।
- ৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।